

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫৯৩(আগরতলা ১৭।১)

সোনামুড়া, ১৭ জানুয়ারি, ২০২৪

**সোনামুড়ায় প্রজাতন্ত্র দিবস উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি**

বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে যথাযোগ্য মর্যাদায় সোনামুড়ায় উদযাপিত হবে ৭৫তম প্রজাতন্ত্র দিবস। সম্প্রতি এ নিয়ে সোনামুড়া টাউন হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সোনামুড়া মহকুমার মহকুমা শাসক মানিকলাল দাস। সভায় সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, ভাইস চেয়ারপার্সন শাহজাহান মিয়া, সোনামুড়া মহকুমা পুলিশ আধিকারিক শশীমোহন দেববর্মা সহ বিভিন্ন দপ্তরের প্রতিনিধি এবং বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, প্রজাতন্ত্র দিবস উপলক্ষে আগামী ২১ জানুয়ারি সকাল ১১টায় সোনামুড়া টাউন হলে অনুষ্ঠিত হবে ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস। ২৪ জানুয়ারি সোনামুড়া স্পোর্টিং অ্যাসোসিয়েশন মাঠে অ্যাথলেটিক প্রতিযোগিতা, ২৬ জানুয়ারি সকাল ৫টায় প্রভাত ফেরির আয়োজন করা হবে। মহকুমা ভিত্তিক মূল অনুষ্ঠানটি আয়োজিত হবে সোনামুড়া স্পোর্টিং অ্যাসোসিয়েশন মাঠে। এদিন সকাল ৯টায় উত্তোলন করা হবে জাতীয় পতাকা। পরে অনুষ্ঠিত হবে মার্চ পাস্ট এবং সাংস্কৃতিক অনুষ্ঠান।

\*\*\*\*\*